দৈনিক ইত্তেফাক

তারিখ ................................

পৃষ্ঠা ২ কলাম ৬

JAN. 27

# সরকারী কর্মকর্তাদের বয়স চুরি রোধে—

ইত্তেফাক রিপোর্ট ॥ বয়স চুরি রোধে ৫২ বছরের বেশী 'বয়সী' সরকারী কর্মকর্তা-কর্মচারীদের তালিকা প্রণয়ন করা হচ্ছে। প্রধানমন্ত্রীর অফিসের নির্দেশে সম্প্রতি সংস্থাপন মন্ত্রণালয় এই উদ্যোগ গ্রহণ করে। সংস্থাপন মন্ত্রণালয় হতে সকল মন্ত্রণালয় ও বিভাগের সচিবদের চিঠি দিয়ে বলা হয়েছে যে, ৫২ বছর কিংবা তার চেয়ে বেশী বয়স হয়েছে এমন প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা ও প্রশাসনিক কর্মকর্তাদের নাম, জীবন বৃত্তান্ত, জন্ম তারিখ (মাধ্যমিক সার্টিফিকেটসহ) ও সংশ্লিষ্ট তথ্য প্রণয়ন করতে হবে। খুব দ্রুত এসব তথ্য জানাতে বলা হয়। জানা যায়, সরকারী কর্মকর্তাদের বয়স চুরি রোধে এই সিদ্ধান্ত নেয়া হয়।